

স্মারক নং : ১৮.১৫.০০০০.০২৩.১১.১২৭.১৮ - ২৩  
তারিখ : ১৩ জানুয়ারি, ২০২১ খ্রিঃ



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ  
Bangladesh Land Port Authority  
টিসিবি ভবন(৬ষ্ঠ তলা), কাওরান বাজার,  
ঢাকা-১২১৫, ফ্যাক্স : ৫৫০১৩৮২৮  
www.bsbk.gov.bd


### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক World Bank ও বাংলাদেশ সরকারের আর্থিক সহযোগিতায় বাস্তবায়নধীন “Bangladesh Regional Connectivity Project-1: Development of Sheola, Bhomra, Ramgarh Land Ports and Up-gration of Security System of Benapole Land Port” (IDA Credit No 6002 BD) শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম ও সাকুল্য বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	জেলা কোটা
১	হিসাবরক্ষক সর্বসাকুল্য-১৮৩২০/=	০১ (এক)	বাণিজ্যে অনূন্য ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিসহ অনূন্য ১ (এক) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

### শর্তাবলী:

- ১। কেবল নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে পারবেন। উক্ত ফরম বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের নিজেস্ব ওয়েবসাইট ([www.bsbk.gov.bd](http://www.bsbk.gov.bd)) হতে ডাউনলোড করা যাবে।
- ২। প্রকল্প পরিচালক, BRCP-1 প্রকল্প, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/ডিডি/পি-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- ৩। সকল ক্ষেত্রে আবেদনের খামের ডান পাশে উপরে প্রার্থীত পদ, নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। সেই সাথে ১০.০০ টাকা মূল্যের ডাকটিকেট সম্বলিত ১১ সে.মি. x ২৫ সে.মি আকারের একটি খামে আবেদনকারীর পূর্ণ ঠিকানা লিপিবদ্ধ করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। প্রার্থীর বয়স ০৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের এবং প্রতিবন্ধি ব্যক্তিদের ক্ষেত্রে ০৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৫। আবেদন পত্রে প্রার্থী কর্তৃক প্রার্থীত পদের নাম, নিজের নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্মতারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ৬। আবেদনের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, অভিজ্ঞতার সনদের কপি, নাগরিকত্ব সনদের কপি, চারিত্রিক সনদ ও অন্যান্য সনদের কপি (যদি থাকে) প্রথম শ্রেণীর গ্রেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ৭। আবেদন ডাকযোগে/সরাসরিভাবে অবশ্যই আগামী ০৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক, বাংলাদেশ রিজিওনাল কাউন্সেলিং/টিসিবি প্রকল্প-১, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (১৩ তলা), কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর পৌছাতে হবে। উল্লিখিত তারিখের পর ডাকযোগে কিংবা অন্য কোন উপায়ে প্রেরিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৮। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে তার পিতা/মাতা/পিতার পিতা/মাতার পিতা/মাতার মাতা (প্রয়োজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদ (যথাযথ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ১ (এক) সেট সত্যায়িত কপিসহ মূল কপি এবং অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদের ১ (এক) সেট সত্যায়িত কপিসহ মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) পরীক্ষায় আহ্বান করা হবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল কপি উপস্থাপন করতে হবে।
- ১০। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ কেবলমাত্র “Bangladesh Regional Connectivity Project-1: Development of Sheola, Bhomra, Ramgarh land Ports and Up-gration of Security System of Benapole Land Port” (IDA Credit No 6002-BD) শীর্ষক প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত হবেন। অত্র নিয়োগ রাজস্ব খাতে স্থানান্তর হবার কোন সুযোগ নেই।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যেকোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করা ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১২। নিয়োগ প্রক্রিয়ার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

  
১৩.০১.২১  
প্রকল্প পরিচালক (মুদ্র-সচিব)

Bangladesh Regional Connectivity Project-1